

## 📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৯]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪৩: এর (মুসাফিরের যুহর ও আসরের সালাতের) বিবরণ প্রসঙ্গে

بيان ذلك

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ بَزِيعٍ، قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، قَالَ: حَدَّثَنَا كَثِيرُ بْنُ قَارُونََدَا، قَالَ: سَأَلْتُ سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِ، عَنْ صَلَاةِ أَبِيهِ فِي السَّفَرِ وَسَأَلْنَاهُ: هَلْ كَانَ يَجْمَعُ بَيْنَ شَيْءٍ مِنْ صَلَاتِهِ فِي سَفَرِهِ؟ فَذَكَرَ أَنَّ صَفِيَّةَ بِنْتَ أَبِي عُبَيْدٍ كَانَتْ تَحْتَهُ، فَكَتَبَتْ إِلَيْهِ وَهُوَ فِي زُرَاعَةٍ لَهُ: أَنِّي فِي آخِرِ يَوْمٍ مِنْ أَيَّامِ الدُّنْيَا وَأَوَّلِ يَوْمٍ مِنَ الْآخِرَةِ فَرَكِبَ، فَأَسْرَعَ السَّيْرَ إِلَيْهَا حَتَّى إِذَا حَانَتْ صَلَاةُ الظُّهْرِ، قَالَ لَهُ الْمُؤَدِّنُ: الصَّلَاةُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ، فَلَمْ يَلْتَفِتْ حَتَّى إِذَا كَانَ بَيْنَ الصَّلَاتَيْنِ نَزَلَ، فَقَالَ: أَقِمْ، فَإِذَا سَلَّمْتُ فَأَقِمْ فَصَلَّى ثُمَّ رَكِبَ حَتَّى إِذَا غَابَتِ الشَّمْسُ، قَالَ لَهُ الْمُؤَدِّنُ: الصَّلَاةُ، فَقَالَ: كَفَعْلِكَ فِي صَلَاةِ الظُّهْرِ وَالْعَصْرِ، ثُمَّ سَارَ حَتَّى إِذَا اشْتَبَكَتِ النُّجُومُ نَزَلَ، ثُمَّ قَالَ لِلْمُؤَدِّنِ: أَقِمْ، فَإِذَا سَلَّمْتُ فَأَقِمْ فَصَلَّى، ثُمَّ انْصَرَفَ فَالْتَفَتَ إِلَيْنَا، فَقَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا حَضَرَ أَحَدُكُمْ الْأَمْرُ الَّذِي يَخَافُ فَوْتَهُ فَلْيُصَلِّ هَذِهِ الصَّلَاةَ .

تخریج دارالدعوه: تفرد به النسائي (تحفة الأشراف: ٦٧٩٥)، وقد أخرجه: صحيح البخاري/تقصير الصلاة ٦ (١٠٩١)، العمرة ٢٠ (١٨٠٥)، الجهاد ١٣٦ (٣٠٠٠)، سنن أبي داود/الصلاة ٢٧٢ (١٢٠٧)، سنن الترمذی/الصلاة ٢٧٧ (٥٥٥)، مسند احمد ٢/٥١، ویأتي عند المؤلف برقم: (٥٩٨) (حسن) (متابعات سے تقویت پا کر یہ روایت حسن ہے، ورنہ اس کے راوی ”کثیر بن قاروندا“ لین الحديث ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 589 - حسن

## বাংলা

৫৮৮. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু বাযী (রহ.) ..... কাসীর ইবনু কারাওয়ান্দা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি সালিম ইবনু আবদুল্লাহ (রহ.)-কে তাঁর বাবার সফরের সালাত সম্পর্কে জানতে চাইলাম এবং তাঁকে প্রশ্ন করলাম, তিনি সফরে দু' ওয়াক্তের সালাতকে একসাথে আদায় করতেন কি? তখন সালিম (রহ.) এ ঘটনা উল্লেখ করলেন যে, সফিয়াহ্ বিনতু আবু উবায়দ (রাঃ) তাঁর (আবদুল্লাহর) স্ত্রী ছিলেন। সফিয়াহ্ অসুস্থ হয়ে 'আবদুল্লাহ (রাঃ)-এর নিকট চিঠি লিখলেন। তখন 'আবদুল্লাহ (রাঃ) তার দূরের জমিনে চাষাবাদ করছিলেন। (সফিয়াহ) চিঠিতে লিখলেন যে, আমার মনে হয় আমি আমার দুনিয়ার জীবনের শেষদিন এবং পরকালের প্রথম দিনে উপনীত হয়েছি। সংবাদ পেয়েই তিনি অশ্বারোহণ করে দ্রুত গতিতে আসতে লাগলেন। যখন যুহরের সালাতের সময় হল মুয়াযযিন বলল, হে আবু আবদুর রহমান! সালাত আদায় করুন। তিনি অক্ষিপ না করে সম্মুখে অগ্রসর হতে লাগলেন। যখন দু' সালাতের মধ্যবর্তী সময় উপনীত হলো, (অর্থাৎ যুহরের শেষ ওয়াক্ত ও আসরের প্রথম ওয়াক্ত) তখন ঘোড়া হতে নামলেন এবং বললেন, ইকামাত দাও। যখন আমি সালাত শেষ করি তখন আবার ইকামত দিবে, তারপর সালাত আদায় করে আবার ঘোড়ায় চড়লেন। আবার যখন সূর্যাস্ত হয়ে গেল মুয়াযযিন তাঁকে বললেন, সালাত আদায় করুন। তিনি বললেন, সেরূপ 'আমল কর যে রূপ যুহর ও 'আসরের সালাতে করেছিলে। আবার পথ চললেন। তারপর যখন সমুজ্জল তারকা আকাশে উদ্ভাসিত হল তখন সওয়ারী হতে অবতরণ করে মুয়াযযিনকে বললেন, ইকামত বল, যখন সালাত শেষ করি তখন আবার ইকামত দিবে। এবার সালাত আদায় করে তাদের দিকে ফিরলেন এবং বললেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যখন তোমাদের কারো সামনে এমন কোন জটিল কাজ দেখা দিবে যা ছুটে যাওয়ার ভয় থাকবে তবে এভাবে দু' ওয়াক্তের সালাত একসঙ্গে আদায় করে নিবে।

## English

### 43. Explanation Of That

Kathir bin Qarawanda said: I asked Salim bin 'Abdullah about how his father prayed when traveling. We asked him: 'Did he combine any of his prayers when traveling?' He said that Safiyyah bint Abi 'Ubaid was married to him, and she wrote to him, when he was at some farmland of his, saying: 'This is the last of my days in this world, and the first day of the Hereafter. [1] He rode quickly to go to her, and when the time for Zuhr came, the Mu'adhdhin said to him: The prayer, O Abu 'Abdur-Rahman! But he paid no attention to him until it was between the time for the two prayers, then he stopped and said: Say the Iqamah and when I say the Taslim, say the Iqamah. Then he rode on again, and when the sun set the Mu'adhdhin said to him; The prayer! He said: Do as you did for Zuhr and 'Asr. When the stars had appeared, he stopped and said to the Mu'adhdhin: Say the Iqamah and when I say the Taslim, say the Iqamah. He prayed, then when he had finished he turned to us and said: The Messenger of Allah (ﷺ) said: 'If any one of you

has an urgent need that he fears he may miss, let him pray like this.' [1]  
Meaning that she was dying.

### ফুটনোট

সহীহ: বুখারী ১৮০৫, সহীহাহ্ ১৩৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কাসীর ইবনু কারাওয়ান্দা (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86861>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন